দৈনিক সংবাদ

JUL 07 2005

তারিখ ... ০৭ ২০০৫
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ......

44

# ৩২২টি কলেজে ছাত্রছাত্রী ভর্তি করার অনুমতি দাবি

নিজস্ব বার্তা পরিবেশক ঃ এবছর রাজশাহী শিক্ষা বোর্ডে ৩২২টি নতুন কলেজ গড়ে উঠেছে। কিন্তু শিক্ষা বোর্ড এসব কলেজে ছাত্রছাত্রী ভর্তি করার অনুমতি দিচ্ছে না। সেসব কলেজের শিক্ষক-কর্মচারী ও প্রতিষ্ঠাতাদের পক্ষে গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে এসব কলেজে ছাত্রছাত্রী ভর্তির অনুমতি দেয়ার দাবি জানানো হয়েছে।

সাংবাদিক সম্মেলনে জানানো হয়, শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ চিঠি দিয়ে কলেজ প্রতিষ্ঠার জন্য বিভিন্ন দলিল ও প্রমাণপত্র বোর্ডে জমা দিতে বলেন, এসব তথ্য ও দলিলপত্র জমা দেয়ার জন্য প্রত্যেক কলেজের প্রায় ১৫ লাখ টাকা করে খরচ হয়েছে। কিন্তু কাগজপত্র জমা দেয়ার দীর্ঘদিন পর বোর্ড কর্তৃপক্ষ আইনের অজুহাত দেখিয়ে ভর্তির অনুমতি দিতে অস্বীকার করেন। এর ফলে কলেজগুলোর প্রায় দেড় সহস্রাধিক পরিবারের লক্ষাধিক সদস্য সংকটে পড়েছেন। ছাত্রছাত্রী ভর্তি না হওয়া পর্যন্ত এসব শিক্ষক-কর্মচারী কোন বেতন-ভাতা পাচ্ছেন না।

সাংবাদিক সম্মেলনে আগামী ১৫ই জুলাইয়ের মধ্যে এসব কলেজে ছাত্রছাত্রী ভর্তির অনুমতি দেয়া না হলে ১৬ই জুলাই থেকে রাজশাহী শিক্ষা বোর্ডের সামনে এসব কলেজের শিক্ষক-কর্মচারীরা আমরণ অনশন শুরু করবেন বলে শিক্ষক-কর্মচারীরা জানান।

প্রস্তাবিত কলেজ সমিতির আহ্বায়ক আবুল কালাম আজাদ, গাউসুল আজম, হাসান মুনসুর, মহসিনুল হক প্রমুখ সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন।